# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ▶ নিচের পত্রটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**

মা,

সালাম নিও। তোমাকে লিখার মতো ইচ্ছা, আগ্রহ কোনটিই আজ আমার নেই। কতটা নিরাপত্তা বেষ্টনীতে আমি আছি তোমার অজানা নয়। তার মাঝেও আজ দু'জোড়া তাজা প্রাণ নিভে গেল। প্রাণগুলো কতটা গুরুত্বপূর্ণ ছিল তা সময় বলে দেবে।

তোমার কাছে একটি প্রশ্ন রাখতে ইচ্ছে করছে মা। 'এর জন্যই কি আমরা বিশ্ব ইতিহাসে তাৎপর্যপূর্ণ ঘটনার জন্ম দিয়েছিলাম'?

তোমার সন্তান।

ক. রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী? ১

খ. আমাদের ইতিহাসে 'গণযুদ্ধ' কী? বুঝিয়ে লিখ। ২

গ. পত্রের প্রথম অংশে কোন ঐতিহাসিক ঘটনার চিত্র দৃশ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. শেষের প্রশ্নটির যথার্থতা নিরূপণ কর। ৪

**২. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**

গত শতাব্দীর ষাটের দশকের মাঝামাঝি পাকিস্তান সরকারের বিরোধিতা কারী দলগুলোর মধ্যে একটি দল প্রশাসনিক, অর্থনৈতিক, পররাষ্ট্র ও প্রতিরক্ষা বিষয়ে সুস্পষ্ট কতগুলো দাবি উত্থাপন করেন। অনেকের পছন্দ না হলেও একটি বৃহৎ জনগোষ্ঠী দাবীগুলোকে প্রাণের দাবিতে পরিণত করেন। অন্যদিকে দাবী উত্থাপনকারীর ঠিকানা হয় কারাগারে।

ক. ১৯৫৪-র নির্বাচনে প্রাদেশিক পরিষদে পূর্ব পাকিস্তানে মুসলিম আসন ছিল কতটি? ১


খ. '২১শে ফেব্রুয়ারি' আজ বিশ্ববাসীর উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রথম অংশে কোন ঐতিহাসিক ঘটনার চিত্র ফুটে ওঠে? ব্যাখ্যা কর। ৩

teachingbd.com

ঘ. উদ্দীপকের শেষ বাক্যের পরিণতি কি সত্য? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৩. ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. পৃথিবী পৃষ্ঠের গড় তাপমাত্রা কত? ১

খ. প্রতিপাদ স্থান কী? বুঝিয়ে লিখ। ২

গ. ১৬ই ডিসেম্বর মূল মধ্যরেখায় যখন সকাল ১০টা তখন ৩৫° পূর্ব দ্রাঘিমার সময় নির্ণয় কর। ৩

ঘ. একই তারিখে কর্কট ক্রান্তি রেখা ও মকর ক্রান্তি রেখার তাপমাত্রা কি একই হবে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৪. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

সেপ্টেম্বর মাসের মাঝামাঝি বাংলাদেশের জাতীয় সংসদে সংবিধানের ষোড়শ সংশোধনী বিল পাশ হয়। বিলটি পাশের পূর্বে সংসদ সদস্যগণের বিভিন্ন প্রশ্নের জবাব দেন আইন মন্ত্রী।

ক. তথ্য অধিকার আইন কবে জারি করা হয়? ১

খ. স্থানীয় প্রশাসনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রথম বাক্যে আইনসভার কোন ধরনের কাজের চিত্র দেখানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শেষের বাক্যেও কি একই ধরনের কাজের নিদর্শন পাওয়া যায়?' তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

৫. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

কয়েক মাস আগে ইসরাইল, ফিলিস্তিনের গাজা এলাকায় হামলা চালানোর সময় পাশের দেশ সিরিয়ার ওপর আক্রমণ করে। সিরিয়া যথাযথ ভাবে সামরিক শক্তি প্রয়োগ করে পাল্টা আক্রমণ করে এবং ইসরাইলের আক্রমণ প্রতিহত করে।

ক. নির্বাচন কত প্রকার? ১

খ. গণতন্ত্র ও নির্বাচনের সম্পর্ক দেখাও। ২

গ. সিরিয়ার, ইসরাইলের আক্রমণ প্রতিহত করার মাধ্যমে রাষ্ট্রের কোন ধরনের কাজের চিত্র দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সিরিয়ার কর্মকাণ্ডে রাষ্ট্রের একটি উপাদান সুরক্ষিত হল।' তুমি কি একমত? তোমার যুক্তি দাও। ৪

৬. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

সাদিয়া ও তার পরিবার সুনামগঞ্জ বেড়াতে গিয়েছিল। আজমিরি গঞ্জ থেকে নৌপথে তারা চাঁদপুর পৌঁছে। পথিমধ্যে অনেক জলধারার মিলন সে দেখেছে। নদীর ও নদীর তীরের বিভিন্ন দৃশ্য তার অর্থনৈতিক বিষয়ে জ্ঞানের পরিধি বাড়িয়ে দেয়।

ক. চিকনাগুল কী? ১

খ. কাল বৈশাখীর ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. সাদিয়া যে নদী পথে ভ্রমণ করেছে, সে নদীর গতিপথ বর্ণনা কর। ৩

ঘ. 'সাদিয়ার জ্ঞানের পরিধি বাড়ার কারণটি যৌক্তিক।' তুমি কি বক্তব্যের সাথে একমত? তোমার যুক্তি দাও। ৪

৭. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

ময়না বেগম ও তার স্বামী ২ সন্তান নিয়ে যখন দিশেহারা তখন আবেদ মাস্টার তার পরিত্যাক্ত একটি ঘরে আশ্রয় দেন। একটি ব্যাংক থেকে তাদের ঋণের ব্যবস্থাও করে দেন। ধীরে ধীরে তাদের অবস্থার পরিবর্তন হয়। এক সময় ময়না বেগম জমি কিনে নিজের ঘর তৈরি করেন' এবার ফসলে পানি সেচের জন্য পাম্পের প্রয়োজন হলে, মাষ্টার সাহেব তাদের জন্য একটি ব্যাংক থেকে ঋণের ব্যবস্থা করে দেন।

http://teachingbd.com

ক. সার্কভুক্ত দেশে সবচেয়ে বেশি রপ্তানী কোথায়? ১
খ. মোট জাতীয় উৎপাদন নির্ণয়য়ের সাংকেতিক সূত্রটি ব্যাখ্যা কর। ২
গ. ময়না বেগম প্রথম কোন ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাস্টার সাহেব ব্যাংক পরিবর্তনের সিদ্ধান্তটি কি যৌক্তিক? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

আমাদের চা খাওয়ার অভ্যাস সম্পর্কে যে কথাটি প্রচলিত তা হলো, ইংরেজরা একসময় বিনে পয়সায় চা খাওয়াতো। মানুষের মধ্যে যখন এটির আকর্ষণ বেড়ে গেল, তখন বিনে পয়সায় খাওয়ানো বন্ধ করে দিয়ে চা বিক্রি শুরু হল। অন্যদিকে আজকাল বিভিন্ন T.V চ্যানেলে রান্নার অনুষ্ঠানের মাধ্যমে আমরা আমাদের খাদ্যাভ্যাসেও পরিবর্তন আনছি।

ক. চতুর্থ বিশ্বনারী সম্মেলন কোথায় হয়েছিল? ১
খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বুঝ? ২
গ. 'চা খাওয়ার অভ্যাসের' মাধ্যমে সমাজ পরিবর্তনের কোন উপাদানটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চা খাওয়ার অভ্যাস আর বর্তমানে খাদ্যাভ্যাস পরিবর্তন কি একই সামাজিক পরিবর্তনের উপাদানকে নির্দেশ করে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৯. ▶ নিচের উদ্দীপকটি মনোযোগ দিয়ে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

আফরোজা আলী নিম্ন আদালতের একজন বিচারক। আজ বখাটে যুবক কর্তৃক একজন নারীকে এসিড নিক্ষেপ করে বাম হাত ঝলসে দেওয়ার জন্য সর্বোচ্চ শাস্তি নির্ধারণ করে রায় প্রদান করবেন। অফিসে যাওয়ার পথে পত্রিকায় চোখ রেখে হতাশ হয়ে যান। মীরপুর ৬নং সেকশনে ৭ম শ্রেণির ছাত্রকে তারই বন্ধুরা হত্যা করে।

ক. নৈতিক অবনতি চরম আকার ধারণ করলে কী হয়? ১
খ. মুল্যবোধের অবক্ষয়ের একটি কারণ ব্যাখ্যা কর। ২
গ. আফরোজা আলী আদালতে কোন রায়টি প্রদান করবেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আফরোজা আলীকে হতাশামুক্ত করতে অপসংস্কৃতি রোধের বিকল্প নেই।' তুমি কি একমত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: | ১ | ৫ | ০ |

১. **স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কোথায় অবস্থিত?**
ক) হালুয়াঘাট খ) কুর্মিটোলা
গ) কালুরঘাট (চট্টগ্রাম) ঘ) টেকেরহাট

২. **বুদ্ধিজীবিদের হত্যা করা হয় কত তারিখে**
ক) ৪ ডিসেম্বর ১৯৭১ খ) ১৫ ডিসেম্বর ১৯৭১
গ) ১৪ ডিসেম্বর ১৯৭১ ঘ) ১৩ ডিসেম্বর ১৯৭১

**অনুচ্ছেদটি পড়ে ৩–৪ নম্বর প্রশ্নের উত্তর দাও**

খ্রিষ্টান ক্যাথলিক ধর্মীয় অঞ্চল নিয়ে প্রতিষ্ঠিত হয় পূর্ব তিমুর রাষ্ট্র। কিন্তু ভাষা ও সংস্কৃতির মধ্যে ভিন্নতা ছিল। পরবর্তীতে সংবিধান প্রণয়নের সময় পূর্ব তিমুরের স্রষ্টা জানানা গুসামাও অফিসিয়াল ভাষা হিসেবে পর্তুগীজ এবং টেটুম ভাষাকে গ্রহণ করেন।

৩. **অনুচ্ছেদে উল্লিখিত জানানা গুসামাও এর সাথে পাকিস্তানের কোন নেতার তুলনা করা যায়?**
ক) লিয়াকত আলী খান
খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) হোসেন শহিদ সোহরাওয়ার্দী
ঘ) জুলফিকার আলী

৪. **পূর্ব তিমুরের সাথে পাকিস্তানের সাদৃশ্য হলো—**
i. ধর্মভিত্তিক রাষ্ট্র ii. ডোমিনিয়ন রাষ্ট্র
iii. ভাষার ভিন্নতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. **১৯৪৭ সালের ১৪ আগস্ট রাতে কোনটি ঘটে?**
ক) ভারতবর্ষে ব্রিটিশ শাসনের সূচনা
খ) ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান
গ) ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিলুপ্তি
ঘ) ভাইসরয়ের পদত্যাগ

৬. **'তোরা ঢাকা শহর রক্তে ভাসাইলি'— গানটি কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক) স্বাধীনতার আন্দোলন খ) গণঅভ্যুত্থান
গ) ভাষা আন্দোলন
ঘ) স্বৈরাচারবিরোধী আন্দোলন

৭. **বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণে যে সকল নির্দেশনা ছিল সেগুলো হলো—**
i. অস্থায়ী সরকার গঠন ii. যুদ্ধের কলা-কৌশল
iii. শত্রু মোকাবেলার উপায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮. **এক সময়ে বহুস্বামী গ্রহণ পদ্ধতির প্রচলন ছিল কাদের মধ্যে?**
ক) এস্কিমো উপজাতিদের মধ্যে
খ) আফ্রিকার নিগ্রোদের সমাজে
গ) তিব্বতে
ঘ) রেড ইন্ডিয়ানদের মধ্যে

৯. **ধর্মীয় উৎসব শিশুমনে কিসের সৃষ্টি করে?**
ক) সংস্কৃতি খ) সম্প্রীতি
গ) গোঁড়ামি ঘ) কুসংস্কার

১০. **সূর্যকে কেন্দ্র করে গ্রহগুলো ঘুরছে অথচ কক্ষপথ বিচ্যুত হয় না কেন?**
ক) মহাকর্ষণজনিত শক্তির কারণে
খ) চুম্বকত্বের কারণে
গ) কেন্দ্রগত শক্তির কারণে
ঘ) ফেরেলের সূত্রের কারণে

১১. **কোনো স্থানের অক্ষাংশ বলতে কোনটিকে বোঝায়?**
ক) অক্ষরেখার অংশ
খ) একটি স্থানের দূরত্ব
গ) কোনো স্থানের কৌণিক দূরত্ব
ঘ) কেন্দ্রের অংশ


১২. **জোয়ার ভাটার কারণ—**
i. পৃথিবীর নিজস্ব গতি
ii. পৃথিবীর উপর চাঁদ ও সূর্যের প্রভাব
iii. পৃথিবীর উপর গ্রহ উপগ্রহের প্রভাব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. **বাংলাদেশের মাঝামাঝি স্থান দিয়ে কোন রেখা অতিক্রম করেছে?**
ক) নিরক্ষরেখা খ) বিষুবরেখা
গ) কর্কটক্রান্তি রেখা ঘ) মকররেখা

১৪. **বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?**
ক) তাজিওডং খ) কিওক্রাডং
গ) মোদকমুয়াল ঘ) পিরামিড

১৫. **তিস্তা ব্যারেজ প্রকল্পটি কত সালে নির্মিত হয়?**
ক) ১৯৮৭-৮৮ সালে খ) ১৯৯৩-৯৪ সালে
গ) ১৯৯১-৯৭ সালে ঘ) ১৯৯৭-৯৮ সালে

**ছবিটি দেখে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও**



বাংলাদেশের খন্ডিত মানচিত্র

১৬. **মানচিত্রে কোন নদীটি গতিপথ পরিবর্তনজনিত কারণে উৎপত্তি লাভ করে?**
ক) পদ্মা খ) তিস্তা
গ) ব্রহ্মপুত্র ঘ) যমুনা

১৭. **উক্ত নদীর গতিপথ সৃষ্টিতে ভূমিকা রাখে—**
i. ভূপৃষ্ঠের কম্পন
ii. নদীর তলদেশ ফুলে ওঠা
iii. প্রবল খরার কারণ
**নিচের কোনটি সঠিক?**

Teachingbd.com

ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓘ i, ii ও iii

১৮. উদ্ভিদের বৈশিষ্ট্য অনুসারে বনাঞ্চলকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?
ⓚ দুই　　ⓚ তিন
ⓖ চার　　ⓘ পাঁচ

১৯. স্যানম্যারিনো রাষ্ট্রের জনসংখ্যা কত?
ⓚ চৌদ্দ হাজার　　ⓚ বিশ হাজার
ⓖ পঁচিশ হাজার　　ⓘ ত্রিশ হাজার

২০. '*The Modern State*' গ্রন্থটির লেখক কে?
ⓚ এরিস্টটল　　ⓚ ম্যাকাইভার
ⓖ গার্নার　　ⓘ গেটেল

২১. বাংলাদেশের আইনসভার নাম কী?
ⓚ জাতীয় সংসদ　　ⓚ পার্লামেন্ট
ⓖ কংগ্রেস　　ⓘ মজলিশ

২২. সংবিধান অনুযায়ী রাষ্ট্রের প্রধান কে?
ⓚ প্রধানমন্ত্রী　　ⓚ রাষ্ট্রপতি
ⓖ প্রধান বিচারপতি　　ⓘ স্পিকার

২৩. কোন শাসন ব্যবস্থায় আইনের দৃষ্টিতে সকলেই সমান?
ⓚ সামন্ততান্ত্রিক　　ⓚ রাজতান্ত্রিক
ⓖ গণতান্ত্রিক　　ⓘ একনায়কতান্ত্রিক

২৪. আধুনিক রাষ্ট্রের শাসনব্যবস্থায় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান কোনটি?
ⓚ প্রতিনিধি　　ⓚ জনগণ
ⓖ সংসদ　　ⓘ রাজনৈতিক দল

২৫. গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় শক্তিশালী বিরোধীদলের প্রয়োজনীয়তা হলো—
i. তাদেরকে বিকল্প সরকার হিসেবে ভাবা হয়
ii. সরকারকে আইনের মধ্যে থাকতে বাধ্য করে
iii. সরকারকে ক্ষমতাচ্যুত করার একমাত্র উপায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓘ i, ii ও iii

২৬. জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে কখন?
ⓚ ২৪ আগস্ট, ১৯৪৩　　ⓚ ২৪ অক্টোবর, ১৯৪৩
ⓖ ২৩ আগস্ট, ১৯৪৫　　ⓘ ২৪ অক্টোবর, ১৯৪৫

২৭. নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ কী নামে পরিচিত?
ⓚ ইউনিফেম　　ⓚ ইউনিসেফ
ⓖ সিডও　　ⓘ ডব্লিউএইচও

২৮. বৈজ্ঞানিক আবিষ্কার কী ধরনের সম্পদ?
ⓚ ব্যক্তিগত　　ⓚ সমষ্টিগত
ⓖ জাতীয়　　ⓘ আন্তর্জাতিক

২৯. উৎপাদনের ক্ষেত্রে ভূমি ব্যবহারের জন্যে ভূমির মালিককে কী প্রদান করা হয়?
ⓚ সুদ　　ⓚ খাজনা
ⓖ মজুরি　　ⓘ মুনাফা

৩০. যে বিষয়গুলো একটি দেশের অর্থনীতির অবস্থা নির্দেশ করে সেগুলোকে কী বলে?
ⓚ অর্থনীতির নির্দেশক　　ⓚ অর্থনীতির প্রকৃতি
ⓖ মোট জাতীয় উৎপাদন
ⓘ মোট দেশজ উৎপাদন

৩১. বাংলাদেশের অর্থনীতিকে প্রধানত কয়টি খাতে ভাগ করা যায়?
ⓚ ৫টি　　ⓚ ২টি
ⓖ ১২টি　　ⓘ ১৫টি

৩২. কোনটি বাংলাদেশ সরকারের আয়ের অন্যতম প্রধান উৎস?
ⓚ আবগারি শুল্ক　　ⓚ ভূমি রাজস্ব
ⓖ আয়কর　　ⓘ সম্পূরক শুল্ক

**অনুচ্ছেদটি পড়ে ৩৩–৩৪ নং প্রশ্নের উত্তর দাও**

কিছু দিন হলো লিটন বাংলাদেশের সেনাবাহিনীর কমিশন প্রাপ্ত হয়ে সেকেন্ড লেফটেন্যান্ট পদে যোগদান করেছেন। তিনি প্রতি মাসে বেতন ও ভাতা বাবদ ১৪,০০০ টাকা পাবেন।

৩৩. লিটনের বেতন ও ভাতা সরকারি ব্যয়ের কোন খাত থেকে আসবে?
ⓚ বাংলাদেশ রাইফেলস　　ⓚ বেসামরিক প্রশাসন
ⓖ সামরিক খাত　　ⓘ প্রতিরক্ষা

৩৪. যুদ্ধের সময় লিটনের করণীয় কী হবে?
ⓚ ভালোভাবে প্রশিক্ষণ নেওয়া
ⓚ দেশের সীমান্ত পাহারা দেওয়া
ⓖ দেশকে বহিঃশত্রুর আক্রমণ থেকে রক্ষা করা
ⓘ জনগণের পাশে দাঁড়ানো

৩৫. জনসাধারণের অর্থ গচ্ছিত রাখার ও ঋণ গ্রহীতাদের বিভিন্ন মেয়াদি ঋণ প্রদান করার প্রতিষ্ঠানকে কী বলে?
ⓚ ব্যাংক　　ⓚ বিমা
ⓖ আর্থিক প্রতিষ্ঠান　　ⓘ ডাকঘর

৩৬. বাংলাদেশের সমাজ পরিবর্তনের উপাদান কয়টি?
ⓚ ৪　　ⓚ ৫
ⓖ ৬　　ⓘ ৭

৩৭. নগরায়ণ কিসের ফল?
ⓚ শিল্পায়নের　　ⓚ প্রযুক্তির
ⓖ শিক্ষার　　ⓘ সংস্কৃতির

৩৮. এইডস প্রতিরোধের পদক্ষেপগুলো হলো—
i. সমাজ নির্ধারিত আদর্শ মেনে চলা
ii. সকল মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করা
iii. পরীক্ষাপূর্বক রক্ত গ্রহণ করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓘ i, ii ও iii

৩৯. প্রতিটি সমাজের জন্য একটি উদ্বেগজনক সমস্যা কোনটি?
ⓚ যৌতুক প্রথা　　ⓚ এইডস
ⓖ শিশুশ্রম　　ⓘ কিশোর অপরাধ

৪০. সাধারণভাবে সমাজের জন্য ক্ষতিকর ও অসুবিধামূলক পরিস্থিতিকে কী বলে?
ⓚ সামাজিক সমস্যা　　ⓚ পারিবারিক বিশৃঙ্খলা
ⓖ সামাজিক নৈরাজ্য　　ⓘ মূল্যবোধের অবক্ষয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com